

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/22/2019

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো বিড়ালের নখর কাটা নিষিদ্ধ করার আইনে স্বাক্ষর করেন

গভর্নর কুওমো: "এই সেকেলে প্রচলন নিষিদ্ধ করার মাধ্যমে আমরা নিশ্চিত করবো যেন জীবজন্তুদের সাথে এমন অমানবিক ও অপ্রয়োজনীয় আচরণ বন্ধ হয়।"

নিউ ইয়র্ক দেশের প্রথম স্টেট হিসেবে বিড়ালের নখর কাটা নিষিদ্ধ করেছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ (S.5532B/A.1303) আইনটি স্বাক্ষর করে বিড়ালের নখর কর্তন প্রক্রিয়া সম্পন্ন করা নিষিদ্ধ করার মাধ্যমে নিউ ইয়র্ককে এই প্রক্রিয়া নিষিদ্ধ করার ক্ষেত্রে দেশের প্রথম স্টেটে পরিণত করেছেন। বিলটি তৎক্ষণাৎ কার্যকর করা হয়।

"নখর কাটা একটি নিষ্ঠুর ও বেদনাদায়ক প্রক্রিয়া যা অসহায় জীবজন্তুদের জন্য শারীরিক ও আচরণগত সমস্যা সৃষ্টি করতে পারে এবং আজ থেকে এটি বন্ধ হচ্ছে", **গভর্নর কুওমো বলেন।** "এই সেকেলে প্রচলন নিষিদ্ধ করার মাধ্যমে আমরা নিশ্চিত করবো যেন জীবজন্তুদের সাথে এমন অমানবিক ও অপ্রয়োজনীয় আচরণ বন্ধ হয়।"

সেনেট ডেপুটি লিডার মাইকেল জিয়ানারিস বলেন, "বিড়ালের নখর কাটা মানুষের আঙুলের প্রথম গাঁট পর্যন্ত কেটে ফেলার মতই নির্মম একটি প্রক্রিয়া এবং বিড়ালের ক্ষেত্রে এর প্রভাব আজীবন বিদ্যমান থাকে। নতুন সেনেট সংখ্যাগরিষ্ঠদের জীবজন্তুর কল্যাণের প্রতি গুরুত্ব আরোপ করা নিয়ে আমি গর্বিত এবং আমি আনন্দিত যে গভর্নর এই আইনটি পাশ করেছেন।"

অ্যাসেম্বলি সদস্য লিন্ডা বি. বোজেন্বাল বলেন, "আজ নিউ ইয়র্ক বিড়ালের নখর কাটা নিষিদ্ধ করার ক্ষেত্রে দেশের প্রথম স্টেটে পরিণত হয়েছে। সোজাসাপটা কথা হলো নখর কাটা নির্মমতা এবং এত বেশি কম-খরচের ও যন্ত্রণামুক্ত বিকল্প থাকার পরও এই বর্বর প্রচলন চলতে দেয়ার কোনো কারণ নেই, না এখানে নিউ ইয়র্কে, আর না অন্যকোথাও। স্টেটের বিড়ালদের জন্য এবং যারা তাদের ভালবাসেন সেইসব মানুষদের জন্য আজ একটি চমৎকার দিন। এখন যখন আমার বিলটি আইনে পরিণত হয়েছে, নিউ ইয়র্ক শীর্ষ মানবিক স্টেটগুলোর তালিকায় স্থান করে নিয়েছে এবং আমাদের প্রত্যাশা অন্যান্য স্টেটগুলোও আমাদের পদাঙ্ক অনুসরণ করবে।"

ওনাইচেকটমি নামে পরিচিত নখর কাটা প্রক্রিয়ায় সামনের পায়ের প্রতিটি আঙুলের শেষ হাড়ের সবটুকু বা বেশিরভাগ অংশ এবং খাবার স্বাভাবিক কার্যক্রমে ভূমিকা রাখে এমন টেন্ডন, স্নায়ু ও লিগামেন্ট কেটে দেয়া হয়, যার ফলে তীব্র ও দীর্ঘস্থায়ী যন্ত্রণা এবং অন্যান্য গুরুতর চিকিৎসা বা

আচরণগত সমস্যা সৃষ্টি হয়। থাবা অপসারণের পর, প্রায়শ বিড়াল তার চলার ভঙ্গি এবং শরীরের সর্বাধিক ওজন চাপানোর স্থান পাল্টে ফেলে, যার ফলে এর পা ও মেরুদণ্ডে খিঁচ ধরে যায়, যেটি প্রাথমিক অবস্থায় আর্থ্রাইটিস এবং দীর্ঘমেয়াদী পিঠ ও অস্থি সংযোগের ব্যাথার কারণ হয়ে উঠতে পারে। বিড়ালের থাবা তাদের জীবনের বিভিন্ন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে, যার মধ্যে আরোহণ করা ও ভারসাম্য বজায় রাখা এবং বিপদ থেকে পালানো অন্তর্ভুক্ত রয়েছে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)